




Date: 18.09.2017

Enclosed is the news item appearing in 'Bartaman' a Bengali daily dated 18.09.2017, captioned "বিনা চিকিৎসায় শিশুমৃত্যুর অভিযোগে বিষ্কাভ বাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে"

Principal Secretary, Health & Family Welfare Department,
Govt. of West Bengal is directed to furnish a report by 30th October,
2017.


(Justice Girish Chandra Gupta)
Chairperson


(Naparajit Mukherjee)
Member


(M.S. Dwivedy)
Member

Encl: News Item Dt. 18. .09. 17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and to send a copy of the order to concerned news paper.

বিনা চিকিৎসায় শিশুমৃত্যুর অভিযোগে বিক্ষোভ ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে

সংবাদদাতা, ঝাড়গ্রাম: রবিবার বিনা চিকিৎসায় এক শিশুর মৃত্যুর অভিযোগ উঠল ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে। মৃত এক বছর বয়সি শিশুটির নাম রূপম মাহাত। বাড়ি সাঁকরাইল থানার চুনপাড়ায়। শিশুটির পরিবারের অভিযোগ, শনিবার রাতে ভরতির পর থেকে রবিবার সকাল পর্যন্ত কোনও চিকিৎসক শিশুটিকে দেখতে ওয়ার্ডে আসেননি। এদিন সকাল ন'টা নাগাদ শিশুটি মারা যায়। এরপরই ক্ষোভে ফেটে পড়েন শিশুটির পরিবারের লোকজন। পরিবারের পক্ষ থেকে হাসপাতাল সুপারের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়। এমনকী, পরিবারের লোকজন ই-মেলে মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানিয়েছেন। পরিবার সূত্রে জানা গিয়েছে, শিশুটির কিছুদিন আগে জ্বর হয়েছিল তারপর স্থানীয় চিকিৎসককে দেখিয়ে ওষুধ খাওয়ানো হয়েছিল। কিন্তু শনিবার বিকালে তীব্র জ্বর আসে এবং

বাম উরুতে ফোলা ভাব ছিল। শনিবার রাত সাড়ে দশটা নাগাদ শিশুটিকে ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালের ফিমেল সার্জিক্যাল ওয়ার্ডে মায়ের সঙ্গে ভরতি করানো হয়। মৃত শিশুর বাবা অমল মাহাত ও মা অনুপমা মাহাতর অভিযোগ, শনিবার রাতে ভরতির পর থেকে রবিবার সকাল পর্যন্ত কোনও চিকিৎসক দেখতে আসেননি। এদিন সকালে শিশুটির প্রবল শ্বাসকষ্ট শুরু হয়। সকাল ন'টা নাগাদ শিশুটি মারা যায়। খবর পেয়ে হাসপাতালে আসেন আইএনটিটিইউসির জেলা নেতা গৌরঙ্গ প্রধান। তাঁর উদ্যোগে মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগ পাঠানো হয়। যদিও হাসপাতাল কর্তৃপক্ষের বক্তব্য, শিশুটির বাম উরুতে পুঁজ হয়েছিল। সেজন্য সার্জিক্যাল ওয়ার্ডে ভরতি ছিল। সেই সময় সার্জিক্যাল ওয়ার্ডে ডিউটিতে ছিলেন এক শল্য চিকিৎসক।

১১০৭৩১৬১৩

১১০৭৩১৬১৩

কী...